

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


নং-৪৬.০৪২.০১৪.০২.০৭৪.২০১১ (১) ৯৫২

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৪  
২৪ এপ্রিল ২০১৭

বিষয়ঃ শরীয়তপুর জেলা সদরে চৌরঙ্গী মোড়ে স্বাধীনতা স্মারক ভাস্কর্য নির্মাণের প্ল্যান, ডিজাইন, প্রাক্কলন ও দরপত্র আহ্বানের অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ শরীয়তপুর জেলা পরিষদের স্মারক নং- জেপ-শরীয়ত/প্রকৌ:/উ-৪/২০১৭/৪৩, তারিখঃ ২২/৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত কোন আইন/বিধি/নির্দেশনা অনুযায়ী শরীয়তপুর জেলা সদরে চৌরঙ্গী মোড়ে স্বাধীনতা স্মারক ভাস্কর্য নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ লক্ষ্যে পরামর্শক ফর্ম নিয়োগ করে প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন তৈরী, প্রাক্কলন এলজিইডি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের মাধ্যমে পরীক্ষাকরণ, প্রকল্প বাস্তবায়নের বিষয়ে ৪টি প্রতিষ্ঠানকে কিভাবে শর্ট লিস্টভুক্তকরণ করা হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(জুবাইদা দাসগুপ্তা)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, শরীয়তপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, শরীয়তপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।